

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৭৪

১/ বিবিধ

আরবী

يحشر المؤمنون يوم القيامة على نوق من نوق الجنة يقدمهم بلال، رافعي أصواتهم بالأذان ينظر إليهم الجمع، فيقال: من هؤلاء؟ فيقال: مؤذنوامة محمد صلى الله عليه وسلم، يخاف الناس ولا يخافون، ويحزن الناس ولا يحزنون  
موضوع

رواه الخطيب (38 / 13) وعنه ابن عساكر (3 / 232 / 1 - 2) عن موسى بن إبراهيم المروزي: حدثنا داود بن الزبرقان عن محمد بن جحادة عن أنس مرفوعا قلت: هذا موضوع آفته إما داود، وإما موسى المروزي وكلاهما كذاب، والكذب في الثاني أكثر

বাংলা

৭৭৪। কিয়ামতের দিন মুয়াযযিনদেরকে জান্নাতী উটনীগুলোর উপর আরোহণ করিয়ে একত্রিত করা হবে, তাদের সবার আগে থাকবে বিলাল। তারা আযানের দ্বারা তাদের আওয়ায উচু করবে। সকলে তাদের দিকে সৃষ্টি দিবে। বলা হবে তারা কারা? তাদের উত্তরে বলা হবে তারা উম্মাতে মুহাম্মাদীর মুয়াযযিন। লোকেরা ভয় পাবে কিন্তু তারা ভয় পাবে না। লোকেরা চিন্তিত হবে কিন্তু তারা চিন্তিত হবে না।

হাদীছটি জাল।

এটি আল-খাতীব (১৩/৩৮) এবং তার থেকে ইবনু আসাকির (৩/২৩২/১-২) মূসা ইবনু ইবরাহীম আল-মারওয়ায়ী হতে তিনি দাউদ ইবনুয যাবারকান হতে তিনি মুহাম্মাদ ইবনু জাহাদাহ হতে তিনি আনাস (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীছটি বানোয়াট। এর সমস্যা হয় দাউদ আর না হয় মূসা আল-মারওয়ামী। তারা উভয়েই মিথ্যুক, তবে দ্বিতীয়জনের মধ্যে মিথ্যা বেশী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71653>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন